

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫৩

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ১. যে ব্যক্তি কুরআন পাঠ করে তার মর্যাদা

بَابِ فَضِلْ مَنْ قَرَأً الْقُرْآنَ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ خَالِدٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ الْفَرَارِيُّ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُحِبُّ أَحَدُكُمْ إِذَا أَتَى أَهْلَهُ أَنْ يَجِدَ هُرَيْرَةَ قَالَ قَالَ وَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ أَيُحِبُ أَحَدُكُمْ إِذَا أَتَى أَهْلَهُ أَنْ يَجِدَ ثَلَاثَ خَلِفَاتٍ سِمَانٍ قَالُوا نَعَمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ فَتَلَاثُ آيَاتٍ يَقْرَوُهُنَّ أَحَدُكُمْ خَيْرٌ لَهُ مِنْهُنَّ

বাংলা

৩৩৫৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেনঃ "তোমাদের কেউ কি তার ঘরে ফিরে এসে সেখানে তিনটি হুস্টপুষ্ট গর্ভবতী উদ্বী পেতে পছন্দ করে?" আমরা বললাম, হাঁ, ইয়া রাসূলাল্লাহ! তিনি বলেনঃ "তোমাদের কারো তিনটি আয়াত পাঠ করা তার জন্য তিনটি হুস্টপুষ্ট গর্ভবতী উদ্বীর চেয়েও উত্তম।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/৫০৩ নং ১০১২২; মুসলিম, সালাতুল মুসাফিরীন ৮০২; ইবনু মাজাহ, আদাব ৩৭৮২; ফিরইয়াবী, ফাযাইলুল কুরআন নং ৬৯, ৭০, ৭১; বাগাবী, শারহুস সুন্নাহ নং ১১৭৭; আহমাদ ২/৩৯৬-৩৯৭, ৪৬৬, ৪৯৬-৪৯৭; আবূ উবাইদ, ফাযাইল নং ১০২; বাইহাকী, শুয়াবুল ঈমান ২২৪২।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন